গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ফরিদপুর, পাবনা

## "২০ একরের উর্দ্ধে ইজারাবিহীন বদ্ধ জলমহালের খাস আদায় বিজ্ঞপ্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা জুন ২৫, ২০০৯ খ্রিঃ তারিখে প্রকাশিত ভূমি মন্ত্রণালয়ের শাখা নং ৭-এর ২৩ জুন ২০০৯ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এবং জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা (রাজস্ব শাখা) এর ২৮/০৪/২০২৬ খি. তারিখের ০৫.৪৩.৭৬০০.০২৮.৪০.২১৪.২৫.৮৪২ নং স্মারক অনুযায়ী এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর ১৬ নং অনুচ্ছেদ অনুযায়ী নিম্নবর্ণিত জলমহাল নির্ধারিত সময়ে ইজারা বন্দোবস্ত না হওয়া পর্যন্ত খাস কালেকশনের মাধ্যমে রাজস্ব আদায় করা হবে। প্রয়োজনে ব্যাপক প্রচারের মাধ্যমে সিলগালা অবস্থায় মূল্য উল্লেখ করে নিম্নস্বাক্ষরকারী বরাবরে তফসিল-'ক' বর্ণিত সিডিউল অনুযায়ী দরখাস্ত/আবেদন গ্রহণ করা হবে।

আগ্রহী ব্যক্তি/ নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতির ও যুব মৎস্যজীবি সংগঠনকে (১৮-৩৫ বছর পর্যন্ত বয়স) বর্ণিত সিডিউল অনুযায়ী দরখাস্ত/আবেদন গ্রহণ করার জন্য আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র সমূহ আবেদন দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। কোন জলমহাল ইজারা প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/আদালত স্থিতিবস্থা/ স্থগিতাদেশ /নিষেধাজ্ঞার আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না অথবা খাস আদায়ের যে কোন পর্যায়ে তা কর্তৃপক্ষ বাতিল করতে পারে। দাখিলকৃত আবেদন সীলগালা মুখবদ্ধ খামে সহকারী কমিশনার (ভূমি), ফরিদপুর, পাবনা এর কার্যালয়ে নির্ধারিত তারিখ ও সময়ে দাখিল ও জমা প্রদান করতে হবে।

উল্লেখ্য যে, জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এবং ইজারাদারদের অবশ্য পালনীয় শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

উল্লেখ্য, খাস আদায়ের বিষয়ে যেকোন সিদ্ধান্ত গ্রহণে উপজেলা খাস আদায় কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

'ক' তফসিল
ঃ খাস আদায়ের ধারাবাহিক বিবরণ নিম্নরূপ

| ক্রমিক নং | খাস আদায়ের তারিখ | খাস আদায়ের সময় | খাস আদায়ের স্থান |
|---|---|---|---|
| ০১ | ১৫/০৬/২০২৬খি. | বেলা ১১.০০ ঘটিকা | উপজেলা ভূমি অফিস ফরিদপুর, পাবনা |

২০ একরের উর্দ্ধে ইজারাবিহীন/খাস আদায়যোগ্য জলমহালের বিবরণ

| ক্রঃ নং | জলমহালের নাম ও বিবরণ | মৌজা | আয়তন | ১৪৩৩ বঙ্গাব্দে সরকারি ইজারামূল্য |
|---|---|---|---|---|
| ০১ | শুটকীদহ মরানদী জলমহাল টি.এস. কেস নং- ৭০ | আগজন্তিহার ও পাঁচ পুঙ্গালী | ২৩.৫০ একর | ১,৪১,৭৫০/- |
| ০২ | হাড়িয়াবাড়ী জলমহাল টি.এস. কেস নং- ৫৯ | হাড়িয়াবাড়ী | ৩৩.০০ একর | ৩২,০০০/- |
| ০৩ | গোহালা নদী জলমহাল টি.এস. কেস নং- ৮০ | রাউৎবাড়ী | ৬১.১৮ একর | ৩,৬৭,৫০০/- |

শর্তাবলীঃ

০১) নির্ধারিত তারিখ ও সময়ে সহকারী কমিশনার (ভূমি), ফরিদপুর, পাবনা এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে আবেদনপত্র গহণ করা হবে।

০২) আবেদনপত্র দাখিলের সময় জলমহালের বাৎসরিক সম্ভাব্য সরকারি ইজারা মূল্যের ২০% জামানত (বি.ডি.) হিসেবে আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩) আবেদনপত্র দাখিলের পূর্বে সংশ্লিষ্ট জলমহালটি সরেজমিন দেখে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে কোন প্রকার আপত্তি করলে তা গ্রহণযোগ্য হবে না।

CamScanner

০৪) আবেদনপত্রে বা ফরমে টাকার অঙ্কের ঘরে কোন প্রকার ঘষামাজা করা যাবে না। প্রতিটি কলামে যথাযথভাবে স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫) বন্দোবস্তকৃত বা ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বদ্ধ বা উন্মুক্ত জলাশয়ে রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

০৬) কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/আদালত স্থিতিবস্থা/স্থগিতাদেশ /নিষেধাজ্ঞার আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না। কর্তৃপক্ষ যেকোন পর্যায়ে খাস আদায় কার্যক্রম স্থগিত করতে পারেন।

০৭) জলমহালের কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না এবং ভূগর্ভস্থ কোন সম্পদের উপর ইজারা গ্রহীতার অধিকার থাকবে না। এবং জলমহাল কোনভাবেই সাব-লিজ প্রদান করা যাবে না, সাব-লিজ প্রদান করিলে ইজারা বন্দোবস্ত বাতিল বলে গণ্য হবে।

০৮) জমাকৃত আবেদনপত্র সমূহ যাচাই-বাছাই এর ক্ষেত্রে উপজেলা খাস আদায় কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯) জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা সর্বক্ষেত্রে "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী পরিচালিত হবে। এছাড়া বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি বিধি-বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

০৯/০৬/২০২৬

(মাহমুদা সুলতানা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
আহবায়ক
উপজেলা জলমহাল খাস আদায় ব্যবস্থাপনা কমিটি
ফরিদপুর, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ফরিদপুর, পাবনা

স্মারক নং- ৩১.৪৩.৭৬৩৩.০০০.৩৯.০০১.২৬- ৫৫৬ তারিখঃ ০৯/০৬/২০২৬ খ্রিঃ।

**অনুলিপি ঃ সদয় অবগতির জন্য**

১। জেলা প্রশাসক, পাবনা।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা।

**অনুলিপি ঃ অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হল**

৫। অফিসার- ইন-চার্জ, ফরিদপুর, পাবনা।
৬। উপজেলা ......................................................অফিসার, ফরিদপুর, পাবনা।
৯। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, ফরিদপুর, পাবনা।
১০। চেয়ারম্যান...........................................(সংশ্লিষ্ট) ইউপি, ফরিদপুর, পাবনা। তাঁকে হাট/বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানে ব্যাপকভাবে প্রচার/ঢোল শহরত করার জন্য অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...........................................(সংশ্লিষ্ট)। তাঁকে হাট/বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানে ব্যাপকভাবে প্রচার/ঢোল শহরতের মাধ্যমে জলমহাল ইজারার বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার ও মাইকিং জন্য বলা হলো এবং প্রতিবেদন (প্রচারনার ভিডিও রেকর্ডসহ) নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিলের জন্য বলা হলো।
১৩। জনাব ...................................................................................... ফরিদপুর, পাবনা
১৪। অত্রাফিসের নোটিশ বোর্ড

CamScanner